দৈনিক সংবাদ

তারিখ ... MAR. 1 2 2000 ...

সরকারি অফিসে জনবল সুষম করার জন্য জনপ্রশাসন সংস্কার কমিশনে প্রস্তাব

# প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ৩৬৫৬টি পদ বাড়ান তৃতীয়-চতুর্থ শ্রেণীর ১৮২০২টি পদ কমান

কাশেম হুমায়ুন ঃ জনপ্রশাসন সংস্কার কমিশনের কাছে প্রথম শ্রেণীতে ১ হাজার ৮শ ৮২, দ্বিতীয় শ্রেণীতে ১ হাজার ৭শ ৭৪ পদ বৃদ্ধি এবং একই সঙ্গে তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে ১৮ হাজার ২শ ২টি পদ হ্রাস করার প্রস্তাব পেশ করা হয়েছে। প্রস্তাবে বলা হয়েছে, সরকারি অফিসে জনবল সুষমকরণের স্বার্থে নিট হ্রাসযোগ্য জনবলকে উদ্বৃত্ত ঘোষণা করা প্রয়োজন। উদ্বৃত্ত জনবলকে অন্য সংস্থার শূন্য পদে নিয়োগ প্রদান অথবা প্রয়োজনে পুনঃ-প্রশিক্ষণ দিয়ে ভিন্ন ক্ষেত্রে নিযুক্তির মাধ্যমে সমন্বয় করা যেতে পারে। এ প্রস্তাব কমিশনে নিযুক্ত দেশীয় পরামর্শকের।

প্রস্তাবে উল্লেখ করা হয়েছে, সুপারিশ অনুযায়ী জনবল সুষম করা হলে সরকারের বার্ষিক আনুমানিক ৪৬ কোটি টাকারও বেশি সাশ্রয় হতে পারে।

গত ৪ঠা জানুয়ারি এবং ২৭শে জানুয়ারি অনুষ্ঠিত জনপ্রশাসন সংস্কার কমিশনের দুটি সভায় ১শ ২০টি সরকারি অফিসের জনবল সুষমকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে জনপ্রশাসন সংস্কার কমিশন নিয়োগকৃত দেশীয় পরামর্শকের সহায়তায় আরও ১শ ১১টি সরকারি অফিসের জনবল পর্যালোচনা করা হয়। ব্যাপক পর্যালোচনার পর প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে পদ সৃষ্টি এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে পদ হ্রাস করে সরকারি অফিসে জনবল সুষমকরণের প্রয়োজনে জনপ্রশাসন সংস্কার কমিশনের বিবেচনার জন্য ওই প্রস্তাব পেশ করা হয়েছে।

সংশ্লিষ্ট একটি সূত্র জানান, সরকারি অফিসের জনবল সুষমকরণ/ যুক্তিযুক্তকরণে সাবেক সচিব এম নুরু-উন নবী চৌধুরীর নেতৃত্বে ইতোপূর্বে গঠিত কমিটি মূলত সরকারি অফিসের পুনর্গঠন এবং জনবল সুষমকরণ সংক্রান্ত দুটি বিষয়ে প্রাধান্য দিয়েছে।

জনপ্রশাসন সংস্কার কমিশন নিয়োগকৃত দেশীয় পরার্শক সংস্থার উদ্দেশ্য অর্জনে মানব সম্পদের দক্ষতার ভূমিকাসহ আরও কয়েকটি দিক পর্যালোচনা করেছেন। দেশীয় পরামর্শক প্রতিটি প্রতিষ্ঠান/সংস্থার অনুমোদিত জনবল (এনাম কমিটির ভিত্তিতে), বিদ্যমান জনবল এবং নুরু-উন নবী কমিটির সুপারিশ যাচাই করে সংস্থাভিত্তিক পৃথক পৃথক মতামত প্রদান করেছেন। পরামর্শক তার মতামতে যেসব ক্ষেত্রে নূর-উন-নবী কমিটির সুপারিশের সঙ্গে একমত পোষণ করেন তার যুক্তি এবং যেসব ক্ষেত্রে দ্বিমত পোষণ করেছেন তার যুক্তিরও উল্লেখ করেছেন।

পরামর্শক কর্তৃক প্রদত্ত মোট ১শ ১১টি প্রতিষ্ঠানের মতামতের মধ্যে ৮৯টি সংস্থার ক্ষেত্রে নুরু-উন নবী কমিটির সঙ্গে একমত এবং ২২টি সংস্থার ক্ষেত্রে নুরু-উন নবী কমিটির সঙ্গে দ্বিমত পোষণ করেন। ২২টি সংস্থার জনবল পর্যালোচনাকালে পরামর্শক কোন কোন ক্ষেত্রে জনবল বৃদ্ধির পক্ষে মত দিয়েছেন। তবে এ জন্য তিনি সরাসরি কোন জনবল বৃদ্ধির সুপারিশ না করে জনবল বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করেছেন।

১শ ১১টি সরকারি অফিসের জন্য নুরু-উন নবী কমিটির সর্বমোট নিট ১৬ হাজার ৮শ ৩৩টি পদ (মোট পদের ২.৭৪%) হ্রাস করার প্রস্তাব করেছে। এর মধ্যে ১ম শ্রেণীতে মোট ২ হাজার ২শ ৮৯টি পদ ও ২য় শ্রেণীতে মোট ১ হাজার ৭শ ৯৮টি পদ বৃদ্ধি করার এবং ৩য় শ্রেণীতে মোট ৯ হাজার ২শ ১৬টি পদ ও ৪র্থ শ্রেণীতে মোট ১১ হাজার ৭শ ৪টি পদ হ্রাস করার প্রস্তাব করা হয়েছে। পরামর্শক ৮৯টি সংস্থার বিভিন্ন শ্রেণীভুক্ত নিট মোট ১০ হাজার ৪১টি পদ হ্রাস করার বিষয়ে নুরু-উন নবী কমিটির সঙ্গে একমত এবং ২২টি সংস্থার বিভিন্ন শ্রেণীভুক্ত নিট মোট ৬ হাজার ৭শ ৯২টি পদ হ্রাসের বিষয়ে দ্বিমত পোষণ করেন। তিনি মোট নিট ১৮ হাজার ২শ ২টি পদ হ্রাস করার প্রস্তাব করেছেন (মোট পদের ২.৯৬%) যথা

সরকারি অফিসে ঃ পৃঃ ২ কঃ ২

৩শ ৬৯টি পদ বেশি হ্রাস করার পক্ষে মতামত দিয়েছেন। একই সঙ্গে তিনি উক্ত ২২টি সংস্থায় কোন কোন ক্ষেত্রে জনবল বৃদ্ধির পক্ষে মত দিয়েছেন। তবে এ জন্য তিনি সরাসরি কোন জনবল বৃদ্ধির সুপারিশ না করে জনবল বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করেছেন। সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তি সাপেক্ষে উক্তরূপ বৃদ্ধিযোগ্য জনবলের সংখ্যা সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক নিরূপিত হতে পারে।